# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৬৫৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৪৫]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ২৯৬ : মহিলাদের কৃত্রিম রূপচর্চা

(296) بَابُ تَحْرِيْمِ وَصْلِ الشَّعْرِ وَالْوَشْمِ وَالْوَشْرِ وَهُوَ تَحْدِيْدُ الأَسْنَانِ

আরবী

وَعَنِ ابنِ مَسعُود رَضِيَ اللهُ عَنْهُ قَالَ: لَعَنَ اللهُ الوَاشِمَاتِ وَالمُسْتَوشِمَاتِ وَالمُتَنَمِّصَاتِ، وَالمُتَفَلِّجَاتِ لِلْحُسْنِ، المُغَيِّرَاتِ خَلْقَ اللهِ، فَقَالَتْ لَهُ امْرَأَةٌ فِي ذَلِكَ فَقَالَ: وَمَا لِي لاَ أَلْعَنُ مَنْ لَعَنَهُ رَسُول اللهِ صلى الله عليه وسلم، وَهُوَ فِي كِتَابِ اللهِ ؟ قالَ اللهُ تَعَالَى : ﴿وما آتاكم الرسول فخذوه وما نهاكم عنه فانتهوا﴾ [الحشر: ٧] . متفق عليه

বাংলা

৫/১৬৫৪। আবদুল্লাহ ইবনে মাসঊদ রাদিয়াল্লাহু আনহু কর্তৃক বর্ণিত, তিনি বলেন, 'আল্লাহর অভিশাপ হোক সেই সব নারীদের উপর, যারা দেহাঙ্গে উল্কি উৎকীর্ণ করে এবং যারা উৎকীর্ণ করায় এবং সে সব নারীদের উপর, যারা ভ্রূ চেঁছে সরু [প্লার্ক] করে, যারা সৌন্দর্যের মানসে দাঁতের মাঝে ফাঁক সৃষ্টি করে, যারা আল্লাহর সৃষ্টির মধ্যে পরিবর্তন আনে।' জনৈক মহিলা এ ব্যাপারে তাঁর [ইবনে মাসঊদের] প্রতিবাদ করলে তিনি বললেন, 'আমি কি তাকে অভিসম্পাত করব না, যাকে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অভিসম্পাত করেছেন এবং তা আল্লাহর কিতাবে আছে? আল্লাহ বলেছেন, ''রাসূল যে বিধান তোমাদেরকে দিয়েছেন তা গ্রহণ কর, আর যা থেকে নিষেধ করেছেন, তা থেকে বিরত থাক।'' (সূরা হাশর ৭ আয়াত, বুখারী ও মুসলিম)[1]

## English

(296) Chapter: Prohibition of Wearing False Hair, Tattooing and Filling of Teeth

Ibn Mas'ud (May Allah be pleased with him) said:
Allah has cursed those women who practise tattooing and those women who have themselves tattooed, and those women who get their hair removed from their eyebrows and faces (except the beard and the mustache), and those who make artificial spaces between their teeth for beauty, whereby they change Allah's creation. A woman started to argue with him, saying:

"What is all this?" He replied: "Why should I not curse those whom the Messenger of Allah (ﷺ) cursed and who are cursed in Allah's Book? Allah, the Exalted, has said in His Book:

"And whatsoever the Messenger (Muhammad (ﷺ)) gives you, take it; and whatsoever he forbids you, abstain (from it)." (59:7)

[Al-Bukhari and Muslim].

Commentary: We learn from this Hadith that any effort to bring about a change in one's natural appearance is unlawful. Al-Washm (tattooing), Al-Washr (slimming the teeth), At-Tafalluj (to create gaps between the teeth), AnNams (the plucking of eyelashes) etc., come in the category of forbidden and unlawful fashions. It should be mentioned here that the use of henna is permissible because it does not bring about any such change which is forbidden. The use of henna is permissible subject to the condition that woman should not make its display before any man who is not a Mahram (Mahram is a person with whom it is basically not lawful to contract marriage).

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৪৮৮৬, ৪৮৮৭, ৫৯৩১, ৫৯৩৯, ৫৯৪৩, ৫৯৪৮, মুসলিম ২১২৫, তিরমিযী ২৭৮২, নাসায়ী ৫০৯৯, ৫১০৭-৫১০৯, ৫২৫২-৫২৫৪, আবূ দাউদ ৪১৬৯, ইবনু মাজাহ ১৯৮৯, আহমাদ ৩৮৭১, ৩৯৩৫, ৩৯৪৫, ৩৯৪৬, ৪০৭৯, ৪১১৮, ৪২১৮, ৪২৭১, ৪৩৩১, ৪৩৮৯, ৪৪১৪, ৪৪২০, দারেমী ২৬৪৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=30684

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন